

## রোকেয়া বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে অপসারণ ও পরীক্ষার দাবিতে ধর্মঘট

■ ওয়াদুদ আলী, রংপুর প্রতিনিধি  
রংপুর বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে  
অপসারণ করে অবিলম্বে ভর্তি পরীক্ষা গ্রহণের দাবিতে  
গতকাল সোমবার থেকে বিশ্ববিদ্যালয়ে অনির্দিষ্টকালের  
ধর্মঘট শুরু করেছে সাধারণ শিক্ষার্থীরা। এতে একাত্তা  
ঘোষণা করেছে 'সমন্বিত অধিকার বার্তবায়ন পরিষদ' সহ  
শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীরা। ধর্মঘটের ফলে  
বিশ্ববিদ্যালয়ের সকল একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম  
বন্ধ রয়েছে। গত ২৯ জানুয়ারি মানববন্ধন ও বিক্ষোভ  
মিছিল শেষে প্রশাসনিক ভবনের সামনে সনাবেশের মাধ্যমে  
এই ধর্মঘট কর্মসূচির ডাক দেয় শিক্ষার্থীরা।  
গতকাল সকালে ধর্মঘটের সমর্থনে সহস্রাধিক শিক্ষার্থী  
সকল ভবনে তালা বুলিয়ে দিয়ে ক্যাম্পাসে অবস্থান নিয়ে

শান্তিপূর্ণ ধর্মঘট পালন করে যাচ্ছে। ধর্মঘটের ফলে কোন  
ক্রাস-পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে না। তাদের দাবি, নিয়মিত  
ক্রাস-পরীক্ষা গ্রহণ, ছাত্রদের আবাসিক হল ও ক্যাফেটেরিয়া  
চালু, ভর্তি পরীক্ষার নির্দিষ্ট তারিখ ঘোষণা এবং পরীক্ষা  
গ্রহণসহ বিশ্ববিদ্যালয়ের সার্বিক পরিস্থিতি ও শিক্ষার সুষ্ঠু  
পরিবেশ ফিরিয়ে আনা।  
এ দাবিতে গত ২৬ জানুয়ারি উপাচার্য অধ্যাপক ড. এ  
কে এম নূর-উন-নবীকে ৭২ ঘণ্টার আপটিমেটাম দেয়া হয়।  
এতে উপাচার্য কোন সাড়া না দেয়া এবং ভর্তি পরীক্ষা ১৫  
মার্চের পর নেয়ার ঘোষণা দেয়ায় অনির্দিষ্টকালের ধর্মঘট  
শুরু করা হয়েছে। এই উপাচার্যকে অপসারণ করে ভর্তি  
পরীক্ষার তারিখ ঘোষণা না হওয়া পর্যন্ত ধর্মঘট অব্যাহত  
থাকবে।